
# পাঠ 15





## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে*

যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে

## বাইবেলের গল্প

*এমন গল্প নির্বাচন করুন যা শেখায়, যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে*

**সুখবরের কাহিনীপুস্তক ছয়। পৃষ্ঠা 22-34।** *যীশু উদ্ধার করেন।*

পৃষ্ঠা 22 থেকে 34 পর্যন্ত যে গল্প দেওয়া আছে তা ছেলেমেয়েদের কাছে পড়তে পড়তে সুখবরের কাহিনী পুস্তকে দেওয়া আঁকাগুলো দেখান।

গল্পটি সম্পর্কে ছেলেমেয়েদের প্রশ্ন করুন। যদি কোন ছেলে বা মেয়ে ভুল উত্তর দেয় তাকে উৎসাহ দেবার জন্য বলুন যে তার প্রচেষ্টা ভালো কিন্তু আপনি যে উত্তর খুঁজছেন এটা তা নয়। যদি কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় তাকে বলুন বাঃ খুব ভালো হয়েছে!

এখানে কয়েকটি প্রশ্ন দেওয়া হল যা আপনি জিজ্ঞাসা করতে পারেন।

**রক্তের বলি দিয়ে যীশু কোন্ কোন্ কারনে তাঁর জীবন দান করেছিলেন?**

আমাদের সমস্ত রকম মন্দ কাজের জন্য।

আমাদের প্রাপ্য শাস্তি নিজের ওপর নেবার জন্য।

অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেবার জন্য।

চিরকালের জন্য এবং চিরদিনের মত আমাদের উদ্ধার করবার জন্য।

কারণ তিনি আমাদের ভালবাসেন।


**যীশু কি করে মারা গেলেন?**
যীশুকে ক্রুশে পেরেক বিদ্ধ করা হয়েছিল।

**যীশুকে যে কবরে সমাধিস্থ করা হয়েছিল তা শূন্য ছিল কেন?**


কারণ যীশু জীবিত!

**যীশু তাঁর অনুগামীদের কি করতে বলেছিলেন?**
যাও, সব জায়গায় গিয়ে সবাইকে সুসমাচারের কথা বলো! যীশু তোমাদের ভালোবাসেন।

# পাঠ 15



তোমাদের চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার করবার জন্য যীশু মারা গিয়েছিলেন এবং এখন জীবিত।



## এ্যাকশন গীত

*এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে*

মুক্তি দিলরে যীশু নাম
শান্তি দিলরে যীশু নাম...(বল) (2)
যবে পাত্রে জন্ম নিলে তুমি যীশু (2)
ক্রুশেতে নিলে বিশ্রাম। (2)

## বিষয়কেন্দ্রিক পাঠ

*এমন বিষয়ের পাঠ ব্যবহার করুন যা শেখায়, যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে*

একটি খোসাশুদ্ধ শক্ত সেদ্ধ করা ডিম নিন। ছেলেমেয়েরা ডিমের শক্ত খোসাটা স্পর্শ করে দেখুক।

**কে আমাকে বলতে পারবে প্রথম পুরুষ ও নারী কি ভুল করেছিল?**


যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে

ছেলেমেয়েরা যখন উত্তর দিচ্ছে তখন ঠিক উত্তরগুলো স্থায়ী মার্কার কলম দিয়ে ডিমের ওপর লিখুন। উত্তরগুলো একটার মাথায় আর একটা লিখুন যাতে ডিমটা নোংরা দেখাতে শুরু করে।

**উত্তরসমূহ:** প্রথম পুরুষ ও নারী সৃষ্টিকর্তা ঈশ্বরের কথা শোনেনি। প্রথম পুরুষ ও নারী মন্দ আত্মাদের কথা শুনেছিল। প্রথম পুরুষ ও নারী তাই-ই করেছিল যা সৃষ্টিকর্তা ঈশ্বর ওদের করতে বারণ করেছিলেন।

**ব্যাখ্যা করুন:** এই ডিমটা হচ্ছে আমাদের ঈশ্বরকে জানার আগের হৃদয়ের মতো। সৃষ্টিকর্তা ঈশ্বরকে জানার আগে আমাদের হৃদয় থাকে এই ডিমের শক্ত খোলার মত। ঈশ্বরকে জানবার আগে আমরা মন্দ আত্মার কথা শুনি আর সৃষ্টিকর্তা ঈশ্বরের কথা মান্য করি না। সৃষ্টিকর্তা ঈশ্বরকে জানবার আগে আমরা সৃষ্টিকর্তা ঈশ্বর যা করতে বলেন তা করি না।

# পাঠ 15



যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে

সৃষ্টিকর্তা ঈশ্বরকে জানবার আগে আমরা জানতে পারি না তিনি আমাদের কতটা ভালোবাসেন এবং আমাদের উদ্ধার করবার জন্য তিনি কি করেছেন। সৃষ্টিকর্তা ঈশ্বরকে জানবার আগে আমরা অন্ধকারে হারিয়ে যাই।

এই ডিমটা আমাদের মনে করিয়ে দেয় যে সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের প্রত্যেকের জন্য কি করেছেন। (শক্ত করে সেদ্ধ করা ডিমটার থেকে খোলা ছাড়াতে শুরু করুন।)


বুঝিয়ে বলুন যে যীশুর মধ্যে যে সৃষ্টিকর্তা ঈশ্বর রয়েছেন তিনি আমরা সৃষ্টিকর্তা ঈশ্বরের এবং লোকদের বিরুদ্ধে যত মন্দ কথা বলি বা মন্দ কথা চিন্তা করি বা মন্দ কাজ করি তার থেকে আমাদের রক্ষা করেন। আমি যেমন এই ডিমের ওপর লেখা মন্দ জিনিষগুলি সরিয়ে দিচ্ছি ঠিক তেমন করেই যীশু আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের বিরুদ্ধে এবং লোকদের বিরুদ্ধে বলা বা চিন্তা করা যত মন্দ কথা, যত মন্দ কাজ সরিয়ে নিয়ে যান।

সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের চিরকালের জন্য এবং চিরদিনের মত উদ্ধার করতে একটি ছোট শিশুরূপে এসেছিলেন। তাঁর নাম যীশু। লোকদের কাছে সৃষ্টিকর্তা ঈশ্বরের কথা বলতে, সৃষ্টিকর্তা ঈশ্বর লোকদের কত ভালোবাসেন এ কথা বলতে এবং সৃষ্টিকর্তা ঈশ্বরের ইচ্ছানুযায়ী লোকেরা কিভাবে জীবনযাপন করবে একথা বলতে যীশু এই জগতে তাঁর জীবন অতিবাহিত করেছিলেন। কিন্তু যীশু যে শুধুমাত্র আমাদের জন্য জীবনযাপন করেছিলেন তা নয়, তিনি আমাদের জন্য মৃত্যুও বরণ করেছিলেন। যীশু আমাদের জন্য মারা গিয়েছিলেন কারণ আমরা প্রত্যেকে মন্দ কথা বলি, মন্দ চিন্তা করি অথবা মন্দ কাজ করি।

যীশু যখন আমাদের জন্য ক্রুশের ওপর মারা গেলেন তখন তিনি আমাদের সমস্ত মন্দ জিনিষগুলি নিয়ে গেলেন, তার সঙ্গে আমরা সৃষ্টিকর্তা ঈশ্বরের বিরুদ্ধে এবং লোকদের বিরুদ্ধে যত মন্দ কথা বলেছি, যত মন্দ চিন্তা করেছি অথবা যত মন্দ কাজ করেছি তার দরুণ আমাদের প্রাপ্য শাস্তিও নিয়ে গেলেন। তিনি মৃত হয়ে পড়ে রইলেন না। তিনদিন পরে তিনি কবর থেকে আবার উঠে এসেছিলেন এবং এখন তিনি স্বর্গে বাস করছেন। হাল্লেলুইয়া!

**ডিমটাকে এখন কেমন দেখতে লাগছে এবং স্পর্শ করলে কেমন লাগছে?**
পরিস্কার এবং নরম। আমাদের হৃদয়ও ঠিক এরকমই হয় যখন আমরা যীশুতে বিশ্বাস করি, তিনি কে এবং আমাদের জন্য কি করেছেন জানতে পারি এবং তাঁর রক্তের বলি বিনামূল্যের উপহার হিসেবে গ্রহন করি।

# পাঠ 15



## বাইবেলের মুখস্থ পদের খেলা

*এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে*

**যোহন 3:16** *‘কারণ ঈশ্বর এই জগতকে এতোই ভালবাসেন যে তিনি তাঁর একমাত্র পুত্রকে (যীশু) দিলেন, যেন সেই পুত্রের ওপর যে কেউ বিশ্বাস করে সে বিনষ্ট না হয় বরং অনন্ত জীবন লাভ করে।’*

**আমাকে অনুসরণ কর:** এ্যাকশন করে দেখাতে দেখাতে বাইবেলের মুখস্থ পদটি ছেলেমেয়েদের কাছে বলুন। ছেলেমেয়েরা যখন কথাগুলো শিখে যাবে আর এ্যাকশনও শিখে যাবে তখন আপনার সঙ্গে সঙ্গে তাদের করতে বলুন। যতক্ষণ না ছেলেমেয়েরা আপনাকে ছাড়া বাইবেলের মুখস্থ পদটি এ্যাকশন করে বলতে পারছে ততক্ষণ পুনরাবৃত্তি করে যান। কারণ ঈশ্বর (এ্যাকশন: একটি অঙ্গুলি দিয়ে উর্ধে নির্দেশ) এই জগতকে এতোই ভালবাসেন (এ্যাকশন: বুকের ওপর আড়াআড়িভাবে হাত রাখতে হবে), যে তিনি তাঁর একমাত্র পুত্রকে (যীশু), (এ্যাকশন: যীশু একটি অঙ্গুলি দিয়ে উর্ধে নির্দেশ করেন), দিলেন, (এ্যাকশন: হাত দিয়ে দেবার ভঙ্গি করেন), যেন সেই পুত্রের ওপর যে কেউ বিশ্বাস করে (এ্যাকশন: হাত প্রসারিত করে ওপরের দিকে অঙ্গুলি দ্বারা নির্দেশ করেন), সে বিনষ্ট না হয় (এ্যাকশন: চোখ গোল করে ঘোরানো), বরং অনন্ত জীবন লাভ করে, (এ্যাকশন: হাত ঘোরাতে ঘোরাতে ক্রমশঃ ওপরদিকে ওঠানো)।

## ব্যবহারিক প্রয়োগ

*এমন ভাবে ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে*


সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের ভালবাসেন এই তথ্যের জ্ঞান এবং সৃষ্টিকর্তা ঈশ্বরের বিরুদ্ধে বা লোকদের বিরুদ্ধে আমাদের সব মন্দ কথা, মন্দ চিন্তা বা মন্দ কাজ থেকে যীশুর মাধ্যমে সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের উদ্ধার করেছেন একথা জানা মানে আমরা চিরকালের জন্য এবং চিরদিনের মত জীবন লাভ করতে পারি! যীশু আমাদের উদ্ধার করেছেন মানে আমরা চিরকালের জন্য এবং চিরকালের মত ক্ষমাপ্রাপ্ত হয়েছি। যীশু আমাদের উদ্ধার করেছেন মানে সৃষ্টিকর্তা ঈশ্বরের চোখে আমরা চিরকালের জন্য এবং চিরকালের মত নির্মল। যীশু আমাদের উদ্ধার করেছেন মানে আমরা চিরকালের জন্য এবং চিরকালের মত সৃষ্টিকর্তা ঈশ্বরের সন্তান। হাল্লেলুইয়া!

যীশুর রক্তের বলি আমাদের উদ্ধার করে

**প্রার্থনা:** সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ যে তুমি আমাকে ভালবাসো। আমি যখন তোমার বিরুদ্ধে বা লোকদের বিরুদ্ধে কিছু বলি, চিন্তা করি বা কাজ করি তখনও তুমি আমাকে চিরকালের জন্য এবং চিরকালের মত ভালবাসো। ধন্যবাদ যে তুমি এসেছিলে এবং আমাকে আমার সমস্ত মন্দ কথা, মন্দ চিন্তা অথবা মন্দ কাজ যা আমি তোমার বিরুদ্ধে এবং লোকদের বিরুদ্ধে করেছি তার থেকে উদ্ধার করেছ।

সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমি কে এবং আমার জন্য কি করেছ তা প্রতিদিন আরো বেশী করে জানবার জন্য আমাকে সাহায্য কর। আমাকে সাহায্য কর যেন তোমাকে বিশ্বাস করতে পারি এবং তোমার ওপর ভরসা করতে পারি। তুমি কে এবং তুমি কি করেছ অন্যদের এ কথা বলতে আমাকে সাহায্য কর। আমরা যীশুর নামে প্রার্থনা করি। আমেন।

# পাঠ 16



## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার করেছেন!*

যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার করেছেন!

## বাইবেলের গল্প

*এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরদিনের মত উদ্ধার করেছেন!*

**সুখবরের কাহিনীপুস্তক ছয় | পৃষ্ঠা 36-40 |** *যীশু জীবিত |*

**শিক্ষনের জন্য সাহায্যকারী উপকরণ:** আঁকবার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো আর কাঠি অথবা কাগজ আর পেনসিল | ছেলেমেয়েদের  আঁকবার জন্য লাগবে আঁকার প্যাড অথবা কাগজ, পেনসিল এবং মুছে ফেলার রবার |


গল্পটি এঁকে এঁকে বলুন | প্রতি পৃষ্ঠা পড়বার পর ছেলেমেয়েদের একটা করে প্রশ্ন করুন |

1, 2, 3 গল্প শুরু করুন...



অনেক বছর কেটে গেছে | আমি একজন পুরুষকে দেখতে পাচ্ছি | ওঁর নাম যোহন | আমি শুনতে পাচ্ছি যোহন বলছেন, 'আমি দেখতে পাচ্ছি উপরে আকাশে যীশু | তাঁর চোখগুলি আগুনের গোলার মত!'

আমি দেখতে পাচ্ছি যীশু একটি সাদা ঘোড়ায় চেপে আসছেন |তাঁর নাম ঈশ্বরের বাক্য |আমি দেখতে পাচ্ছি যীশুর বস্ত্রে এই কথাটি লেখা আছে, 'রাজাধিরাজ এবং প্রভুদের প্রভু!'



আমি শুনতে পাচ্ছি সমস্ত জাতির লোকেরা যীশুর উদ্দ্যেশে গান গাইছে | আমি শুনতে পাচ্ছি সমস্ত আত্মা যীশুর উদ্দ্যেশে গান গাইছে | আমি শুনতে পাচ্ছি সব কিছুই যীশুর উদ্দ্যেশে গান গাইছে |

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি, 'আমার লোকেরা চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার পেয়েছে | কোনো মৃত্যু নেই | কোনো চোখের জল নেই | কোনো দুঃখ নেই | কোনো যন্ত্রণা নেই | আমি সবকিছুই নতুন সৃষ্টি করেছি |'




আমি শুনতে পাচ্ছি যীশু বলছেন, 'দেখ, আমি খুব তাড়াতাড়ি ফিরে আসছি | আমিই অনন্ত | আমিই যীশু | আমি তোমাকে ভালোবাসি | আমি তোমাকে চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার করেছি |'

**ছেলেমেয়েদের বল গল্পটি এঁকে দেখাতে |**

# পাঠ 16

**ছেলেমেয়েরা গল্পটি আবার বলবে:** উল্টে-পাল্টে 1এবং 2, 1এবং 2, 1এবং 2, 1এবং 2, 1এবং2, 1এবং 2... এই সংখ্যাগুলি ছেলেমেয়েদের দিন। যে ছেলে বা মেয়ে 1 নম্বর পেয়েছে সে জোড় বাঁধবে 2নম্বর পেয়েছে এমন একটি ছেলে বা মেয়ের সঙ্গে। প্রতিটি ছেলে বা মেয়ে যারা 1 নম্বর পেয়েছে তারা তাদের জোড় 2নম্বর ছেলে বা মেয়েকে গল্পটি আবার বলবে। তাদের সকলের বলা হয়ে গেলে যেসব ছেলে বা মেয়ে নম্বর 2 পেয়েছে তারা তাদের জোড়, 1 নম্বর পেয়েছে যে ছেলে বা মেয়েরা তাদের কাছে গল্পটা আবার বলবে। এদের সকলের বলা হলে সব ছেলেমেয়েরা একত্র হয়ে পুনরায় একটা দল হবে।



## এ্যাকশন গীত

***এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরদিনের মত উদ্ধার করেছেন!***

আনন্দ, আনন্দ, আনন্দ রে,
আনন্দ, আনন্দ, আনন্দ রে।।
যীশুতে মোরা আনন্দের ফোয়ারা
পেয়েছি রে...

আনন্দ, আনন্দ, আনন্দ রে।
এই সংসার ছেড়ে আনন্দ নগরে
চলে যাব রে...

## বিষয়কেন্দ্রিক পাঠ

***এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায়, যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরদিনের মত উদ্ধার করেছেন!***

**শিক্ষনের জন্য সহায়ক উপকরণ:** স্লেট এবং লাল রংএর খড়ি(লাল রংএর না পাওয়া গেলে সাদা রংএর খড়ি)।

ছেলেমেয়েদের বোঝান যে স্লেটটা হল আমাদের হৃদয়ের ভেতরের অন্ধকারের মত, সমস্ত মন্দ কথা, মন্দ চিন্তা অথবা মন্দ কাজ যা আমরা সৃষ্টিকর্তা ঈশ্বরের বিরুদ্ধে বা লোকদের বিরুদ্ধে করেছি।

এবার লক্ষ্য করুন। খড়ি দিয়ে পুরো স্লেটটার ওপর রং করে দিন।

ছেলেমেয়েদের কাছে বুঝিয়ে বলুন যে এটা যীশুর রক্তের বলির মত। যীশুর রক্ত সমস্ত মন্দ জিনিষ ঢেকে দেয়। যীশু যা করেছেন তা কেউ নষ্ট করতে পারে না। তিনি এটা করেছেন এবং তুমি তাই চিরকালের জন্য এবং চিরদিনের মত ঢেকে গিয়েছ। যীশু আমাদের চিরকালের জন্য এবং চিরদিনের মত উদ্ধার করেছেন কারণ যীশু হলেন সেই জন যিনি চিরকালের জন্য এবং চিরদিনের মত জীবিত থাকেন।

যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার করেছেন!

# পাঠ 16

## বাইবেলের মুখস্থ পদের খেলা

***এমন বাইবেলের পদ ব্যবহার করুন যা শেখায়, যীশু চিরকালের জন্য এবং চিরদিনের মত আমাকে উদ্ধার করেছেন!***

বুঝিয়ে বলুন যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম *প্রভু।*

**প্রকাশিত বাক্য 1:18** *"'আমি সেই চির জীবন্ত, আমি মরেছিলাম, আর দেখ আমি চিরকাল যুগে যুগে জীবিত আছি। মৃত্যু ও পাতালের* চাবিগুলি আমি ধরে আছি।'"*

**স্মৃতির প্রতিযোগিতা:** ছেলেমেয়েদের তিনটি পংক্তিতে দাঁড় করিয়ে দিন। তিনটি পংক্তির প্রত্যেকটিতে প্রথমে সবচেয়ে বেঁটে এবং শেষে সবচেয়ে লম্বা ছেলে বা মেয়ে দাঁড়াবে।

প্রথম পংক্তির প্রথম ছেলে বা মেয়ের কানে ফিসফিস করে বলুন, 'আমি সেই চির জীবন্ত'

ছেলেমেয়েদের বলুন যে তারা কথাটা শোনবার পর ঘুরে তাদের পাশের জনকে তারা যা শুনেছে তা ফিসফিস করে বলবে। এইভাবে যতক্ষণ পর্যন্ত না পংক্তির শেষ ছেলে বা মেয়েটি কথাগুলো শুনছে ততক্ষণ পর্যন্ত এই ফিসফিস করবার পালা চলতে থাকবে।

দ্বিতীয় পংক্তির প্রথম ছেলে বা মেয়েটির কানে ফিসফিস করে বলুন, 'আমি মরেছিলাম, আর দেখ আমি চিরকাল যুগে যুগে জীবিত আছি।' ছেলেমেয়েদের বলুন তারা কথাগুলো শোনার পর ঘুরে তাদের পাশের জনকে ফিসফিস করে তারা যা শুনেছে তা বলবে। যতক্ষণ না পংক্তির শেষ ছেলে বা মেয়েটি কথাগুলো শুনছে ততক্ষণ এই ফিসফিসের পালা চলতে থাকবে।

তৃতীয় পংক্তির প্রথম ছেলে বা মেয়েটির কানে ফিসফিস করে বলুন, 'মৃত্যু ও পাতালের চাবিগুলি আমি ধরে আছি।'

যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার করেছেন!

ছেলেমেয়েদের বলুন যে তারা কথাগুলো শোনার পর ঘুরে পাশের জনকে যা শুনেছে সেটা ফিসফিস করে বলবে।যতক্ষণ না পংক্তির শেষ ছেলে বা মেয়েটি কথাগুলো শুনছে ততক্ষণ এরকম চলতে থাকবে।

প্রথম পংক্তির শেষ ছেলে বা মেয়েটিকে বলুন সামনে আসতে আর সে যা শুনেছে তা চিৎকার করে বলতে।প্রথম পংক্তির ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন সেটা ঠিক কিনা। যদি উত্তরটা হ্যাঁ হয়, তাহলে দলটিকে 1 নম্বর দিন আর যদি কথাগুলো অন্য হয় তাহলে দলটিকে কোন নম্বর দেবেন না। সমস্ত ছেলেমেয়েদের ঠিক ঠিক কথাগুলো বলে দিন।

দ্বিতীয় পংক্তির শেষ ছেলে বা মেয়েটিকে সামনে এসে সে যা শুনেছে তা চিৎকার করে বলতে বলুন। দ্বিতীয় পংক্তির সব ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন কথাগুলো ঠিক কিনা। যদি ঠিক হয় তাহলে দলটিকে 1 নম্বর দিন আর কথাগুলো অন্য হলে দেবেন না। সব ছেলেমেয়েদের ঠিক ঠিক কথাগুলো বলুন।

# পাঠ 16

তৃতীয় পংক্তির শেষের ছেলে বা মেয়েটিকে সামনে এসে সে যে কথাগুলো শুনেছে তা চিৎকার করে বলতে বলুন। তৃতীয় পংক্তির ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন কথাগুলো ঠিক কিনা। যদি উত্তর ঠিক হয় তাহলে দলটিকে 1 নম্বর দিন আর কথাগুলো অন্য হলে নম্বর দেবেন না। ছেলেমেয়েদের ঠিক ঠিক কথাগুলো বলে দিন।

প্রথম পংক্তির সব ছেলেমেয়েদের একসঙ্গে বলতে বলুন, 'আমি সেই চির জীবন্ত'

দ্বিতীয় পংক্তির সব ছেলেমেয়েদের একসঙ্গে বলতে বলুন, 'আমি মরেছিলাম, আর দেখ আমি চিরকাল যুগে যুগে জীবিত আছি।'

তৃতীয় পংক্তির সব ছেলেমেয়েদের একসঙ্গে বলতে বলুন, 'মৃত্যু ও পাতালের চাবিগুলি আমি ধরে আছি।'

## ব্যবহারিক প্রয়োগ

যীশু আমাকে চিরকালের জন্য এবং চিরকালের মত উদ্ধার করেছেন!


*এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, যীশু চিরকালের জন্য এবং চিরদিনের মত জীবিত!*

যীশু চিরকালের জন্য এবং চিরদিনের মত জীবিত মানে হল আজ আমরা চিরকালের জন্য এবং চিরদিনের মত রক্ষা পেয়েছি। আমরা এই কথাটা জেনে বাঁচতে পারি যে যীশু শীঘ্রই ফিরে আসছেন এবং আমরা তাঁর সঙ্গে চিরকাল এবং চিরদিন বেঁচে থাকব। যীশু প্রতিটি জিনিষকে নতুন করে দিয়েছেন। মৃত্যু নেই। চোখের জল নেই। দুঃখ নেই। ব্যথা নেই। হাল্লেলুইয়া!

**প্রার্থনা:** যে কোন একটি ছেলে বা মেয়েকে প্রার্থনা করতে বলুন।

**পুরস্কার:** প্রত্যেকটি ছেলে বা মেয়েকে তার সুখবরের কাহিনী পুস্তক ছয় দিন। প্রতিটি ছেলে বা মেয়েকে তার সুখবরের কাহিনী পুস্তক ছয় পড়তে সাহায্য করুন।

# পাঠের পরিকল্পনা


বাইবেল থেকে গল্পগুলি নিয়ে  নিজেই নিজের পাঠসমূহ তৈরি করুন|

কতটা অংশ আপনি প্রতিটি পাঠের অন্তর্গত করবেন  তা নির্ভর করবে আপনি ছেলেমেয়েদের সঙ্গে কতটা সময় কাটাতে পারবেন তার ওপর| প্রতিটি পাঠে অন্তত একটি গল্প, একটি এ্যাকশন গীত, এবং একটি ব্যবহারিক প্রয়োগ রাখতে হবে যা আপনি যে একটি শিক্ষাকেন্দ্রিক বিষয় বেছে নেবেন তা শেখাবে|

**ধাপ 1:** আপনি যেসব ছেলেমেয়েদের সেবা করবেন তাদের জন্য প্রার্থনা করুন| প্রার্থনা করুন যেন ঈশ্বর তাদের এবং আপনার হৃদয় এমনভাবে তৈরি করেন যাতে আপনারা ঈশ্বরের কাছ থেকে গ্রহণ করতে পারেন| আপনার প্রতিটি পাঠ বাইবেলের যে গল্প নিয়ে করতে যাচ্ছেন  তাতে যেন ঈশ্বর আপনাকে পরিচালিত করেন তার জন্য প্রার্থনা করুন|

**ধাপ 2:** বাইবেলের গল্পটি মনে রাখবার জন্য আপনার যতবার প্রয়োজন হয় ততবার পড়ুন|

**ধাপ 3:** গল্পটি ছেলেমেয়েদের কাছে যাতে সহজভাবে মজা করে বলতে পারেন  এবং ছেলেমেয়েরা যাতে গল্পটি উপভোগ করতে পারে তার জন্য অনুশীলন করুন|

**ধাপ 4:** আপনার ব্যবহার করা বাইবেলের গল্প থেকে কোন্ শিক্ষাকেন্দ্রিক বিষয়টি আপনি শেখাবেন তা স্থির করুন|

**ধাপ 5:** গল্পটি ছেলেমেয়েদের কিভাবে বলবেন এবং গল্পের মধ্যে ছেলেমেয়েদের কি ভাবে অন্তর্ভুক্ত করবেন তা ভেবে ঠিক করুন| উদাহরণ: নাটকে অভিনয় করে গল্পটি বলুন, অথবা গল্পটি এঁকে এঁকে বলুন, অথবা ছেলেমেয়েদের দিয়ে গল্পটির ওপর নাটক করে অভিনয় করান বা ছেলেমেয়েরা গল্পটির ধ্বনিগুলির সঙ্গে অথবা গল্পের কথাগুলির পুনরাবৃত্তি দ্বারা গল্পের সঙ্গে যুক্ত থাকুক|


**ধাপ 6:** একটি এ্যাকশন গীত নিন যা গল্পটির একটি শিক্ষাকেন্দ্রিক বিষয় শেখাবে| এই শিক্ষাকেন্দ্রিক বিষয়টিকে শেখাবে এমন কোন এ্যাকশন গীত আপনার যদি জানা না থাকে তাহলে আপনি নিজেই খুব সহজ কথা আর এ্যাকশন দিয়ে একটা এ্যাকশন গীত তৈরি করুন|

**ধাপ 7:** ভেবেচিন্তে স্থির করুন আপনার শিক্ষাকেন্দ্রিক বিষয়টি কি ভাবে আমাদের আজকের জীবনে প্রযোজ্য|

**ধাপ 8:** আপনার কাছে যদি যথেষ্ট সময় থাকে তাহলে আমাদের এই সহায়িকা পুস্তিকায় দেওয়া কোন একটি প্রযুক্তি ব্যবহার করুন বা অন্য কোন প্রযুক্তি যা আপনি জানেন তা ব্যবহার করে একটি বিষয়কেন্দ্রিক পাঠ এবং/অথবা একটি বাইবেলের মুখস্থ পদের খেলা যোগ করুন|

**ধাপ 9:** পাঠটি ছেলেমেয়েদের পড়ান এবং ঈশ্বর আপনার ও ছেলেমেয়েদের হৃদয়ে কাজ করুন| সবচেয়ে বড় কথা হল , ছেলেমেয়েদের সঙ্গে আপনার এবং ছেলেমেয়েদের সময় মজার ও উপভোগ্য করে তুলুন|

# প্রার্থনা





## প্রার্থনা

**ইফিষীয় 3:16-19** *'আমি পিতার কাছে প্রার্থনা করি যেন তাঁর মহান প্রতাপে তিনি তোমাদের সেই শক্তি দেন যার ফলে তোমাদের অন্তরাত্মা বলিষ্ঠ হয়ে ওঠে। তাঁর আত্মার দ্বারা তিনি তোমাদের সেই শক্তি দেবেন। আমি প্রার্থনা করি যেন বিশ্বাসের মধ্য দিয়ে খ্রীষ্ট তোমাদের হৃদয়ের মধ্যে বাস করেন। যেন তোমাদের জীবন প্রেমে সুদৃঢ় হয় ও প্রেমরূপ ভিতের উপর গড়ে উঠতে পারে।*

*আমি প্রার্থনা করি, যেন তোমরা ও ঈশ্বরের সমস্ত পবিত্র লোকরা খ্রীষ্টের প্রেমের মহত্ব বুঝতে সক্ষম হও। তোমরা যেন সেই প্রেমের গভীরতা, উচ্চতা, দৈর্ঘ্য ও বিস্তার জানতে পার। খ্রীষ্টের প্রেম এতো মহান যে কোন মানুষের পক্ষে সত্যি করে তা জানা সম্ভব নয়। আমি প্রার্থনা করছি যেন তোমরা সেই প্রেম উপলব্ধি করতে পার আর তাতেই তোমরা সম্পূর্ণভাবে ঈশ্বরের প্রকৃতিতে পূর্ণ হবে।'*

